# বাজেট

## ২০১৯-২০২০



## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

বিস্‌মিল্লাহির রাহ্‌মানির রাহিম

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন

**প্রিয় নগরবাসী, আমন্ত্রিত সুধীমন্ডলী, প্রিয় সাংবাদিকবৃন্দ, সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং সিটি কর্পোরেশনের কর্মকর্তা / কর্মচারীবৃন্দ,**
**আস্‌সালামু আলাইকুম।**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০১৯-২০ অর্থ বছরের বাজেট ঘোষণা অনুষ্ঠানে আপনাদের সকলকে স্বাগত জানাচ্ছি। সিটি কর্পোরেশন সংবিধিবদ্ধ একটি স্থানীয় সরকার প্রতিষ্ঠান। নগরীর সর্বস্তরের জনগণের নাগরিক সেবা নিশ্চিতকরণ ও অবকাঠামোগত উন্নয়ন সিটি কর্পোরেশনের মৌলিক দায়িত্ব। নারায়ণগঞ্জ নগরীর গুরুত্ব বিবেচনা করে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১১ সালের ৫ই মে ঐতিহ্যবাহী নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ ও কদমরসুল পৌরসভার সমন্বয়ে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা করেন। প্রতিষ্ঠালগ্ন হতে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, জলাবদ্ধতা নিরসনের লক্ষ্যে পরিকল্পিত অবকাঠামো নির্মাণ, সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনার মাধ্যমে পরিবেশ রক্ষা ও নগরীর পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ, স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ এবং সিটি কর্পোরেশনের সকল পর্যায়ে সুশাসন নিশ্চিত করা সহ নগরবাসীর প্রয়োজনীয় সেবা প্রদানের মাধ্যমে একটি পরিবেশবান্ধব, পরিচ্ছন্ন, সুস্থ্য, নিরাপদ ও দরিদ্রমুক্ত পরিকল্পিত নগরী গড়ে তোলার লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছি। এ জন্য আপনাদের সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করছি।

## সম্মানিত সুধীবৃন্দ,

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের দ্বিতীয় বার মেয়র নির্বাচিত হওয়ার পর এটি আমার তৃতীয় বাজেট উপস্থাপন। নগরবাসীর চাহিদার অগ্রাধিকারের ভিত্তিতে ইতোপূর্বে আপনাদের মতামত নিয়ে ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট ঘোষণা করেছি এবং আপনাদের সহযোগিতায় সফলতার সাথে বাজেটে প্রস্তাবিত অধিকাংশ উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন করেছি। সিটি কর্পোরেশন প্রতিষ্ঠা লাভের পর নাগরিক সেবা ও অবকাঠামোগত উন্নয়নের বিষয়ে সকলের প্রত্যাশা বেড়েছে। বিশেষ করে নারায়ণগঞ্জের তুলনায় অনুন্নত কদমরসুল ও সিদ্ধিরগঞ্জ এলাকার জনগণের প্রত্যাশা আরো বেশী। বিগত ৮ বছর যাবৎ নাগরিকদের প্রত্যাশা পূরণে আপনাদের সহযোগিতা ও পরামর্শ নিয়ে কাজ করে যাচ্ছি। আশা করছি ভবিষ্যতেও এ ব্যাপারে আপনাদের গঠনমূলক পরামর্শ ও সহযোগিতা অব্যাহত থাকবে।

এ যাবৎ সিটি কর্পোরেশনের ৫৪টি মাসিক সভায় ২৩৮৬টি উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হয়েছে। তন্মধ্যে ৭৯২টি গৃহীত প্রকল্পের বিপরীতে ১৯০৩ কোটি ৬৯ লক্ষ ২৬ হাজার ১৬২ টাকার দরপত্র আহবান করা হয়েছে। ইতোঃমধ্যে ১৩১৩ কোটি ৭৭ লক্ষ ৩ হাজার ৩১২ টাকার কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট প্রকল্পের কাজ চলমান আছে। উল্লিখিত প্রকল্পসমূহের মধ্যে সিদ্ধিরগঞ্জ অঞ্চলে ৫১১ কোটি ৯৪ লক্ষ ১৫ হাজার ৮২৬ টাকার, কদমরসুল অঞ্চলে ৪৪৭ কোটি ৩৮ লক্ষ ৭০ হাজার ৫৯৭ টাকার এবং নারায়ণগঞ্জ অঞ্চলে ৫২৫ কোটি ৩৬ লক্ষ ৩৯ হাজার ৭৩৮ টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে। আপনাদের অবগতির জন্য নিম্নে ২৭টি ওয়ার্ডে এ যাবত বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বিবরণ প্রদান করা হলোঃ

## ২০১১ থেকে ২০১৯ পর্যন্ত ২৭টি ওয়ার্ডে বাস্তবায়িত এবং বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের বিবরণ :

| ওয়ার্ড নং | বাজেট ২০১১-১৬ | অর্থ বছর ২০১৬-১৭ | অর্থ বছর ২০১৭-১৮ | অর্থ বছর ২০১৮-১৯ | সর্বমোট |
|---|---|---|---|---|---|
| *ক) সিদ্ধিরগঞ্জ অঞ্চল ঃ* | | | | | |
| | টাকা | টাকা | টাকা | টাকা | টাকা |
| ১ | ৭১২৯৩৪৮৯.০০ | ১৬৪৩৫৭৬২.০০ | | | ৮৭৭২৯২৫১.০০ |
| ২ | ৫৬১১৮৯৩৩.০০ | | ৩৯৫৬৩৬৯.০০ | | ৬০০৭৫৩০২.০০ |
| ৩ | ৪৩২৮৯৭০৮.০০ | ৪৪৮১২২৪৭.০০ | | | ৮৮১০১৯৫৫.০০ |
| ৪ | ৬৪২১৬৭৩৩.০০ | | | | ৬৪২১৬৭৩৩.০০ |
| ৫ | ৭৬৭৮৭১৫৮.০০ | | ৬৫০০০০০.০০ | | ৮৩২৮৭১৫৮.০০ |
| ৬ | ৪১৮৮৫৭৬২.০০ | ৩৫৬৭১৪৭.০০ | | ৪২৭৫৯৫২.০০ | ৪৯৭২৮৮৬১.০০ |
| ৭ | ৫০৭৮৯৮৮৪.০০ | | ১০৫৪০১৮.০০ | | ৫১৮৪৩৯০২.০০ |
| ৮ | ৬৯৯৪৫১৬১.০০ | ৯০৮৬৯০২.০০ | | ৯১১৯৪৪৪.০০ | ৮৮১৫১৫০৭.০০ |
| ৯ | ৬৪০৪৭৩৪৫.০০ | ৩৫৭০৫২৯.০০ | ৩০৫৪৬২৯.০০ | | ৭০৬৭২৫০৩.০০ |
| মার্কেট ও ভবন নির্মাণ, সংস্কার ও মেরামত বাবদ | | | ৬৬৭১৩৮৩২.০০ | ১৭৫৬৭৪৩২৬.০০ | ২৪২৩৮৮১৫৮.০০ |
| ডিপিপি | | | ১৮৫৭৬২৫৩০৩.০০ | ৬৬৭৩৪৩৮৯৪.০০ | ২৫২৪৯৬৯১৯৭.০০ |
| পৌরসভার আমলে টেন্ডারকৃত বিল পরিশোধ | | | | | ১০৬৫০২৮৯৭.০০ |
| এমজিএসপি | | | | | ১৫৭২৮৬৫২৭.০০ |
| জাইকা | | | | | ১৪৪০২৩৮২৭৩.০০ |
| ড্রেন পরিস্কার | | | | | ৪২২৩৬০২.০০ |
| | | | | *মোট (ক) =* | *৫১১৯৪১৫৮২৬.০০* |
| *খ) নারায়ণগঞ্জ অঞ্চল ঃ* | | | | | |
| ১০ | ১৮৭১১৫৮৫.০০ | ৯০৬৬৬৮.০০ | | | ১৯৬১৮২৫৩.০০ |
| ১১ | ২৯৫১০৮৩৭.০০ | | ২৩০৮৩৫১.০০ | | ৩১৮১৯১৮৮.০০ |
| ১২ | ৪৩৮১৩২১৬.০০ | | ৩০৯৬৯৯৯.০০ | | ৪৬৯১০২১৫.০০ |
| ১৩ | ৮১৭৭১৯৮১.০০ | ৫৪০৬৮৫৯৮.০০ | ২৬৭২৮৮৮৪.০০ | | ১৬২৫৬৯৪৬৩.০০ |
| ১৪ | ২২৬০৮৮৮৩.০০ | ৬৯১৯১৩১.০০ | ১৭৩৪৫৯২.০০ | | ৩১২৬২৬০৬.০০ |
| ১৫ | ১৯৯১৪৬৪৮৮.০০ | ১৬৭৯৪৪৩০.০০ | | | ২১৫৯৪০৯১৮.০০ |
| ১৬ | ১২৪৫৫৯৭৯১.০০ | | | | ১২৪৫৫৯৭৯১.০০ |
| ১৭ | ১৫০৮৯৩৬৫.০০ | | ১৫৩৮৭৮৪.০০ | | ১৬৬২৮১৪৯.০০ |
| ১৮ | ৩৫১১৪৩০৫.০০ | | ৮৬৯৮৫০৫.০০ | | ৪৩৮১২৮১০.০০ |
| ডিপিপি | | | ৪৫৩৮৪৬১২৯.০০ | ১৫০৮৭৯০০০.০০ | ৬০৪৭২৫১২৯.০০ |
| মার্কেট ও ভবন নির্মাণ, সংস্কার ও মেরামত বাবদ | | | | | ১০২১১২৭৩৩৪.০০ |
| নগর ভবন | | | | | ৩০২৬৯৮২১২.০০ |
| শীতলক্ষ্যা-ধলেশ্বরী সংযোগ খাল পুনঃখনন, সৌন্দর্যবর্ধন, আলোকিতকরণ ও ড্রেনসহ ওয়াকওয়ে নির্মাণ | | | | | ১৭১৫৮৯০৭০২.০০ |
| জাইকা | | | | | ৪৪৩৮০০৩১০.০০ |
| এমজিএসপি | | | | | ৪৬৭২৭৬৬৫৮.০০ |
| ড্রেন পরিস্কার | | | | | ৫০০০০০০.০০ |
| | | | | *মোট (খ) =* | *৫২৫৩৬৩৯৭৩৮.০০* |
| *গ) কদমরসুল অঞ্চল ঃ* | | | | | |
| ১৯ | ৫২২২৫৭৩৫.০০ | ১৫৭৯৬৪১৫.০০ | ১৩৬৪০০৩.০০ | ৫৬৪৮৭০১৬.০০ | ১২৫৮৭৩১৬৯.০০ |
| ২০ | ২৫২৩৭২৩০০.০০ | ৩৯১৬২৩৩৭.০০ | | | ২৯১৫৩৪৬৩৭.০০ |
| ২১ | ৭৪৩৪৮৮৭৭.০০ | ৫২০৯০৮.০০ | | | ৭৪৮৬৯৭৮৫.০০ |
| ২২ | ৯০০১৩১৫৫.০০ | ৮৭৩৮৯৪০.০০ | | ১৫২৯১২৯০.০০ | ১১৪০৪৩৩৮৫.০০ |
| ২৩ | ৯৫৭৯৮০৮৭.০০ | ৪৮৫৬১৬০৭.০০ | ৩০৭৭৬১১৩.০০ | ১৯৩৩৬৯৮৯৭.০০ | ৩৬৮৫০৫৭০৪.০০ |
| ২৪ | ৮৮৮৮৬১১৫.০০ | ৩৩১০৪৪১৫.০০ | ২০৫০৭২৯১.০০ | ১১৯০১৯৮.০০ | ১৪৩৬৮৮০১৯.০০ |
| ২৫ | ৪৬১৩৫৭৯২.০০ | ১৪০৭০৪৫৪.০০ | ১৮৯৭৭৪৬৮.০০ | ৬৫৮৫৮৪০.০০ | ৮৫৭৬৯৫৫৪.০০ |
| ২৬ | ২১৪৩০০৩৯.০০ | ১৭৯৮৫২১.০০ | | | ২৩২২৮৫৬০.০০ |
| ২৭ | ৫৫৪১১৮০৭.০০ | ৬৭৭৫৪১৪.০০ | | ৫২৭৪২৫৬.০০ | ৬৭৪৬১৪৭৭.০০ |
| ডিপিপি | | | ১৪৫২২২৬১৪৩.০০ | ২৪০৬৬৯৬৭৬.০০ | ১৬৯২৮৯৫৮১৯.০০ |
| জাইকা | | | | | ৯৭৪৮৬৭৫৫৯.০০ |
| এমজিএসপি | | | | | ২৪৭৮১৭৬৬২.০০ |
| সিআরডিপি | | | | | ২৫৭৮২৩৩৩৮.০০ |
| ড্রেন পরিষ্কার | | | | | ৫৪৯১৯২৯.০০ |
| | | | | *মোট (গ) =* | *৪৪৭৩৮৭০৫৯৭.০০* |
| ঘ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন (এলইডি বাতি স্থাপন) । | | | | | ৪৭০০০০০০০.০০ |
| ঙ) নারায়নগঞ্জ সিটি কর্পোরেশনে কঠিন বর্জ্য অপসারণ ও ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্পের ভূমি অধিগ্রহণ ও সীমানা প্রাচীর নির্মাণ এবং বালু ভরাটকরণ । | | | | | ৩১২০০০০০০০.০০ |
| (চ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পরিচ্ছন্ন কর্মী নিবাস নির্মাণ প্রকল্প । | | | | | ৬০০০০০০০০.০০ |
| | | | | *সর্বমোট (ক+খ+গ+ঘ+ঙ+চ) =* | *১৯০৩৬৯২৬১৬১.০০* |

নিজস্ব অর্থায়নে এ যাবৎ ৪৩০ কোটি ৩৫ লক্ষ৫০ হাজার ৮১৭ টাকার প্রকল্প গ্রহণ করা হয়েছে, এ গৃহীত প্রকল্প সমূহের বিপরীতে ৩৪২ কোটি ৭৭ লক্ষ ৯০ হাজার ১৫৯ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। তন্মধ্যে ১৬৯ কোটি ৭ লক্ষ ১০ হাজার টাকা ব্যয়ে ২৯টি ছোট-বড় মার্কেট কাম এপার্টমেন্ট প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে, মার্কেট কাম এপার্টমেন্ট বর্তমানে রাজস্ব আয়ের একটি অন্যতম উৎস। বার্ষিক উন্নয়ন কর্মসূচী (ADP) আওতায় ১২৬ কোটি ৮০ লক্ষ ৭৬ হাজার ৩৩০ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের রাস্তা, ড্রেন নির্মাণ ও পুনঃনির্মাণ এবং বৃক্ষরোপণ শীর্ষক প্রকল্প

এছাড়া বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও নিজস্ব তহবিলের আওতায় "নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের রাস্তা, ড্রেন নির্মাণ ও পুনঃনির্মাণ এবং বৃক্ষরোপণ" শীর্ষক প্রকল্পের অধীনে ৩টি অঞ্চলে প্রায় ১৬৬ কোটি ৩৬ লক্ষ টাকা ব্যয়ে ৬৪টি প্যাকেজে ৫৭.২৩ কি:মি: আরসিসি/সিসি/বিটুমিনাস কার্পেটিং রাস্তা এবং ৪৯.৩৬ কি:মি: আরসিসি ড্রেন নির্মাণ ও পুনঃনির্মাণ কাজ চলমান আছে। উক্ত প্রকল্পের বিপরীতে এ যাবৎ ১৩৬ (নব্বই) কোটি টাকার বিল পরিশোধ করা হয়েছে। ২০১৯-২০২০ অর্থ বছরে উক্ত প্রকল্পে আরও ৩০ কোটি ৩৬ লক্ষ টাকার কাজ বাস্তবায়ন করা হবে।

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্প

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন এবং স্বাস্থ্যসম্মত উপায়ে নিস্কাশনের জন্য বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় ৩৪৫ কোটি ৯১ লক্ষ ৩১ হাজার টাকা ব্যয়ে "নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কঠিন বর্জ্য সংগ্রহ ও অপসারণ ব্যবস্থাপনা" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। ইতিমধ্যে উক্ত প্রকল্পের বিপরীতে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে ৩০৫ কোটি ১১ লক্ষ ৫০ হাজার টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দকৃত অর্থের মধ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে স্থায়ী ডাম্পিং গ্রাউন্ড নির্মাণের লক্ষ্যে জালকুড়িতে ২৩.২৮ একর জমি অধিগ্রহণ কাজে ২৯৯ কোটি ১৩ লক্ষ ৪৯ হাজার টাকা জেলা প্রশাসক বরাবর জমা প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৪০ কোটি ৭৯ লক্ষ ৮১ হাজার টাকা ব্যয়ে উক্ত ডাম্পিং সেন্টারের ভূমি উন্নয়ন, সীমানা প্রাচীর নির্মাণ, যানবাহন ক্রয় খাতে ব্যয় করা হবে। এছাড়া দৈনিক ৫০০ টন বর্জ্য হতে ৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সাথে সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

## নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে পরিচ্ছন্ন কর্মী নিবাস শীর্ষক প্রকল্প

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে ৪টি স্থানে ৬০০টি পরিবারের প্রায় ২৭৬০ জন হরিজন সম্প্রদায়ের লোক বসবাস করে। এদের মধ্যে ৮৭০ জন সুইপার নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কাজে নিয়োজিত। কিছু সেবক নগরীর অন্যান্য অফিস, আদালত, গার্মেন্টস ফ্যাক্টরী ও ব্যক্তিগত ভবনে পরিচ্ছন্ন কাজে নিয়োজিত। ঔপনিবেশিক আমলে ভারত উপমহাদেশের বিভিন্ন প্রান্ত থেকে তারা এদেশে এসেছে। তারা এখানে প্রায় ২০০ বৎসর যাবৎ বসবাস করছে কিন্তু তাদের কোন নিজস্ব জমি এবং আবাসিক সুযোগ সুবিধা নেই। এ সম্প্রদায়ের সকলেই দারিদ্র সীমার নিচে বসবাস করে। এই পরিচ্ছন্ন কর্মীরা কঠোর পরিশ্রম করে নগরীকে পরিষ্কার-পরিচ্ছন্ন করে কিন্তু তাদের নিজস্ব কোন আবাসন ব্যবস্থা নেই। তারা সিটি কর্পোরেশনের কলোনীতে অস্বাস্থ্যকর পরিবেশে বসবাস করে। তাদের সন্তানদের কোন শিক্ষার ব্যবস্থা নেই। তাদের বাসস্থানে যথাযথ পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা, স্যানিটারী ল্যাট্রিন নেই। ফলশ্রুতিতে তারা সারা বৎসর নানাবিধ রোগে আক্রান্ত হয়। এদের শিশু ও মাতৃমৃত্যুর হার অনেক বেশি। এছাড়াও প্রতি বছর বর্ষাকালে তারা অবর্ননীয় কষ্ট ভোগ করে। উল্লেখিত কারণে দ্রুততম সময়ে তাদেরকে ন্যুনতম বাসস্থান, শিক্ষা, স্যানিটেশন ও সুপেয় পানি সরবরাহ করা সিটি কর্পোরেশনের দায়িত্ব। এই দায়িত্ববোধ থেকে মানবিক দিক বিবেচনা করে বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের যৌথ অর্থায়নে ৫৪০ জন পরিচ্ছন্ন কর্মীর জন্য ৫৪ কোটি ৩৫ লক্ষ ৭৮ হাজার টাকা ব্যয়ে ৫৪৯টি ফ্ল্যাট নির্মাণ প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্প বাস্তবায়িত হলে পরিচ্ছন্ন কর্মীদের আবাসন সমস্যা অনেকাংশে সমাধান হবে।

বিশ্ব ব্যাংক ও সিটি কর্পোরেশনের অর্থায়নে MGSP (মিউনিসিপ্যাল গভার্নেন্স সার্ভিসেস প্রকল্প) এর অধীনে অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ খাতে এ যাবৎ ৫৯ কোটি ৭৩ লক্ষ ৬৫ হাজার ৩৬৪ টাকা ব্যয়ে রাস্তা-ঘাট, ড্রেন, খেলার মাঠ, জলাধার সংরক্ষণ ও মেরামত কাজের প্রকল্প গ্রহণ করা হয়েছে। তৎমধ্যে ৩৮ কোটি ৫৮ লক্ষ ৯৫ হাজার ২০৫ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। ২১ কোটি ১৪ লক্ষ ৭০ হাজার ১৫৯ টাকার উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। এই প্রকল্পের অধীনে ২০১৯-২০২০ অর্থ বছরে আরও ৬ কোটি ৪৫ লক্ষ টাকার উন্নয়ন কাজ বাস্তবায়ন করা হবে। ১৭১ কোটি ৬৮ লক্ষ ৯০ হাজার ৭০০ টাকা ব্যয়ে ৭টি প্যাকেজে শীতলক্ষ্যা-ধলেশ্বরী সংযোগ খাল পুনঃখনন, সৌন্দর্যবর্ধন, আলোকিতকরণ ও ড্রেনসহ ওয়াকওয়ে (শীতলক্ষা নদীর তীর হতে মন্ডলপাড়া ব্রিজ পর্যন্ত) নির্মাণের কাজ চলমান রয়েছে। তৎমধ্যে ৩২ কোটি ২৪ লক্ষ ২৬৪ টাকার কাজ বাস্তবায়ন করা হয়েছে। অবশিষ্ট ১৩৯ কোটি ৪৪ লক্ষ ৯০ হাজার টাকার কাজ চলমান আছে যা আগামী অর্থ বছরের মধ্যে বাস্তবায়ন হবে বলে আশা করা যায়।

জাপান আন্তর্জাতিক সাহায্য সংস্থা (JICA) ও জিওবি'র আর্থিক সহযোগিতায় সিটি গভার্নেন্স প্রকল্পের (CGP) অধীনে ৩০০ কোটি টাকার প্রকল্প অনুমোদন হয়েছে। এ প্রকল্পের অধীনে এযাবৎ ২৭৯ কোটি ৮৯ লক্ষ ৬ হাজার ১৫২ টাকার বিভিন্ন সড়ক, ড্রেন, ফুটপাত ও ব্রিজ নির্মাণ খাতে প্রকল্পের টেন্ডার করা হয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে মোট ২৬ কোটি ৪৬ লক্ষ ৩৬ হাজার টাকা এবং ২০১৭-২০১৮ অর্থ বছরে ৩৫ কোটি ৪৮ লক্ষ টাকার প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে। ২০১৯-২০২০অর্থ বছরে এই প্রকল্পের আওতায় ১৮১ কোটি ৫১ লক্ষ ৯৩ হাজার টাকার প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হইবে । বিগত অর্থ বছরে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন পারফর্মেন্স মূল্যায়নে ৪টি সিটি কর্পোরেশনের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। আগামীতেও এই ধারা অব্যাহত থাকবে।

গত অর্থ বছরে সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের জন্য বরাদ্দ রাখা হয়েছিল ১৫ কোটি টাকা। উক্ত খাতে সিটি কর্পোরেশন ব্যয় করেছে প্রায় ৩০ কোটি টাকা। যা লক্ষ্যমাত্রার তুলনায় প্রায় ২০০% বেশি। নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নে এ সফলতার দাবীদার সিটি কর্পোরেশনের সম্মানিত নগরবাসী।

নগরবাসীর কাঙ্খিত চাহিদা সিটি কর্পোরেশনের সীমিত আয়ের মাধ্যমে পূরণ করা কষ্টসাধ্য। এরপরেও তাদের কাঙ্খিত চাহিদা পূরণকল্পে বিভিন্ন দাতা সংস্থা ও সরকারী বরাদ্দ প্রাপ্তির চেষ্টা করা হচ্ছে। বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় (ক) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের খাল, পুকুর, মাঠ ও অন্যান্য অবকাঠামো উন্নয়ন; (খ) শেখ হাসিনা বিজ্ঞান কমপ্লেক্স; (গ) নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের কদমরসুল অঞ্চলে ভূমি অধিগ্রহণ; (ঘ) ক্ষতিগ্রস্থ ব্যবসায়ীদের ক্ষতিপূরণ ও অপরাজিতা শিক্ষালয় নির্মাণ শীর্ষক প্রকল্পসমূহ সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। উল্লেখিত প্রকল্প সমূহের বিপরীতে বরাদ্দ পাওয়া গেলে সিটি কর্পোরেশনে উন্নতির গতি আরও বহু গুণে বৃদ্ধি পাবে।

সিটি কর্পোরেশনের সকল ক্রয় সংক্রান্ত বিষয়ে স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ইলেকট্রনিক পদ্ধতিতে টেন্ডার আহবান করা হচ্ছে। নগরবাসীর সার্বিক উন্নয়নের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হলে আরো বেশী নিজস্ব অর্থের প্রয়োজন। এই অর্থের যোগান সচল রাখতে সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের উৎস বৃদ্ধি করার জন্য নিজস্ব ভূমিতে মার্কেট নির্মাণ করা হয়েছে। এছাড়া এ খাতে নারায়ণগঞ্জ অঞ্চলে সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে শিমুল সিটি প্লাজা-৩, মাধবীলতা সিটি প্লাজা-৪, ৫তলা বিশিষ্ট গোডাউন কাম আবাসিক ভবন, সিটি দোয়েল প্লাজা-১, করবী সিটি প্লাজা-২, করবী সিটি প্লাজা-৩, করবী সিটি প্লাজা-৪ এবং করবী সিটি প্লাজা-৪ বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণের কাজ চলমান আছে। কদমরসুল অঞ্চলে সিটি কর্পোরেশনের নিজস্ব ভূমিতে সোনাকান্দা সিটি মার্কেট নির্মাণ কাজ চলমান আছে। সিদ্ধিরগঞ্জ অঞ্চলেও দোলনচাঁপা সিটি প্লাজা-১ এবং কাঁঠালচাপা সিটি প্লাজা-১ বাণিজ্যিক কাম আবাসিক ভবন নির্মাণ কাজ চলমান আছে।

## সম্মানিত সুধী,

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব www.ncc.gov.bd ওয়েবসাইটটি তথ্যসমৃদ্ধ ও National Portal Framework এর সাথে সমন্বিত করা হয়েছে। ফলে নগরবাসী অতি সহজে সিটি কর্পোরেশনের তথ্যসহ সরকারী সকল ধরনের তথ্য সংগ্রহ করতে পারবে।

সিটি কর্পোরেশনের সকলস্তরে ই-গভর্নেন্স ও সুশাসন নিশ্চিতকল্পে কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নাগরিকদের যথাযথ রেকর্ড সংরক্ষণের লক্ষ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রক্রিয়া অনলাইনে প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। নগরবাসীকে উন্নততর ও আধুনিক সেবা প্রদান নিশ্চিত করার লক্ষ্যে এসএমএস (ক্ষুদে বার্তা) চালু করা হয়েছে। এতে করে নগরবাসীকে দ্রুততম সময়ে বিভিন্ন ধরনের তথ্য প্রদান করা সম্ভব হচ্ছে।

## প্রিয় নগরবাসী,

আপনারা অবগত আছেন যে, সিটি কর্পোরেশন স্থানীয় সরকারের একটি জনকল্যাণমুখী এবং সেবাধর্মী প্রতিষ্ঠান। স্থানীয় পর্যায়ে অর্জিত রাজস্ব যেমনঃ- পৌরকর, ফি, ইজারা, অন্যান্য আয় ও সরকারের নিকট থেকে প্রাপ্ত অনুদান এবং বৈদেশিক সাহায্য খাতে প্রাপ্ত অর্থের মাধ্যমে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা হয়ে থাকে। এক্ষেত্রে সরকারি অনুদান চাহিদার তুলনায় অপর্যাপ্ত। বৈদেশিক সাহায্যে বাস্তবায়িত প্রকল্পের অনুদান প্রাপ্তি সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জনের উপর নির্ভর করে। বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প হতে অনুদান পেতে হলে সিটি কর্পোরেশনের নিজস্ব আয় বিশেষ করে হোল্ডিং ট্যাক্স আদায়ের হার সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে। অর্থাৎ দাবীকৃত করের ৮০% আদায় নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে নগরের অনেক সম্মানিত করদাতা ঠিকমত তাদের হোল্ডিং ট্যাক্স পরিশোধ না করায় কাঙ্খিত লক্ষ্যমাত্রা

অর্জন করা সম্ভব হচ্ছে না। এতে সিটি কর্পোরেশন তথা নগরবাসীর সরকারি অনুদান এবং বৈদেশিক সাহায্যে বাস্তবায়িত প্রকল্পের সুবিধা হতে বঞ্চিত হওয়ার আশংকা রয়েছে। সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স ও অন্যান্য কর পরিশোধে সর্বদা নগরবাসীকে বছরের শুরু থেকে নোটিশ প্রেরণ এবং মাইকিং এর মাধ্যমে সচেতন করে আসছে। তবুও লক্ষ্য করা যায়, আর্থিক বছরের শেষে অধিকাংশ হোল্ডিং এর ট্যাক্স বকেয়া থেকে যায়। তাই আমি উপস্থিত সকলের মাধ্যমে জনসাধারণকে হোল্ডিং ট্যাক্স পরিশোধের জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি, এ বছর হোল্ডিং ট্যাক্সের দাবী ছিল ৩৮ কোটি ৭৬ লক্ষ ২৫ হাজার ৭৮০টাকা। তন্মধ্যে আদায় হয়েছে মাত্র ১৯ কোটি ৮৮ লক্ষ ২৪ হাজার ৭০০ টাকা, আদায়ের হার মাত্র ৫১.০০%। নিজস্ব অর্থায়নে প্রকল্প বাস্তবায়নে আমরা সফল হলেও রাজস্ব আদায়ে আমরা লক্ষ্যমাত্রা অর্জন করতে পারিনি। উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে হলে এক্ষেত্রে নগরবাসীর আরো সহায়তা প্রয়োজন। তাই নিয়মিত কর পরিশোধ করার জন্য আমি সম্মানিত নগরবাসীর প্রতি উদাত্ত আহবান জানাচ্ছি। কর আদায়ে স্বচ্ছতার লক্ষ্যে কম্পিউটারাইজড ট্যাক্স বিল প্রদান এবং ব্যাংকের মাধ্যমে হোল্ডিং ট্যাক্স আদায় করা হচ্ছে। এডিবি'র Urban Infrastructure Improvement Preparatory Facility for Narayanganj City Corporation শীর্ষক প্রকল্পের আওতায় সিটি কর্পোরেশনের সকল আদায় অটোমেশনের উদ্যোগ নেয়া হয়েছে।

## সম্মানিত উপস্থিতি,

সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত নিম্নবিত্ত মানুষের জন্য কর্মসংস্থানের লক্ষ্যে এবং দারিদ্র বিমোচন, বিশেষ করে নারীর ক্ষমতায়নের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। এই কর্মসূচীর আওতায় প্রান্তিক জনগোষ্ঠির জীবন মান উন্নয়নে ও দারিদ্র বিমোচনে ক্ষুদ্রঋণ, ক্ষুদ্র অবকাঠামো উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি কর্মসূচি গ্রহণ করেছে।

## দারিদ্র বিমোচনঃ

- ✓ নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত বিভিন্ন বস্তি ও নিম্ন আয়ের নাগরিকদের সমন্বয়ে ৬৫৯টি প্রাথমিক দল গঠন করা হয়েছে। এছাড়াও ১১৫টি সিডিসি গঠনের কাজ চলমান রয়েছে, যার আওতায় মোট ২৫,০০০ পরিবার সংগঠিত করা হবে।
- ✓ দলের সদসদের আত্নকর্মসংস্থান সৃষ্টিমূলক কাজের জন্য সহজ শর্তে ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়।



- ✓ এ কর্মসূচীর আওতায় ২৪৯৩৬ টি পরিবারের মধ্যে এ পর্যন্ত মোট ৯,৯৪,৭৫,০০০/- টাকার ঘূর্ণায়মান ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে।
- ✓ দলের সদস্যদের পুঁজি গঠনের জন্য সাপ্তাহিক স্ব-নির্ধারণী পদ্ধতিতে মোট ৩,১৫,৮৮,১২২/-টাকা সঞ্চয় হিসাবে জমা করেছে।
- ✓ ২২ জন সদস্যকে মোট ৩২ লক্ষ ৫০ হাজার টাকা গৃহ মেরামতের জন্য ঋণ সহায়তা প্রদান করা হয়েছে।
- ✓ ৮২১১ জন হতদরিদ্র ছাত্র-ছাত্রীকে শিক্ষা সহায়তা বাবদ ২ কোটি ৯০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে;
- ✓ ৭১০ জন হতদরিদ্র মহিলাকে ব্যবসা-বাণিজ্য করে জীবিকা নির্বাহ করার লক্ষ্যে ৩৬ লক্ষ ২৫ হাজার টাকা মূলধন হিসেবে থোক বরাদ্দ প্রদান করা হয়েছে। এছাড়া কমিউনিটি পর্যায়ে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ১০৭ জন কমিউনিটি ফ্যাসিলিটেটরকে ৩৪ লক্ষ ৩২ হাজার টাকা প্রদান করা হয়েছে।

## অবকাঠামো উন্নয়ন ও দারিদ্র বিমোচনে অবদান



- ✓ কমিউনিটি ল্যাট্রিন- ৫টি
- ✓ ল্যাট্রিন- ১৮২৪ টি
- ✓ সোক ওয়েল- ২৫ টি
- ✓ বাথরুম- ৩০০ টি
- ✓ উন্নত চুলা- ১৯১১ টি
- ✓ ড্রেন- ১৫,৭০৭ মিটার সম্পন্ন হয়েছে এবং ৯০৯ মিটারের কাজ চলমান রয়েছে।
- ✓ ড্রেনের ঢাকনা- ৩,৫২৭ মিটার কাজ সম্পন্ন হয়েছে এবং ৯০৯ মিটারের কাজ চলমান রয়েছে।
- ✓ ড্রেনের ঢাকনা- ৩,৫২৭ মিটার কাজ সম্পন্ন হয়েছে এবং ৯০৯ মিটারের কাজ চলমান রয়েছে।
- ✓ ফুটপাত- ৭,৮৯৩ মিটার
- ✓ গভীর নলকূপ- ২১০ টির কাজ সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ৮টি গভীর নলকূপের কাজ চলমান রয়েছে।

## নারীর ক্ষমতায়ন



- ✓ নারীর ক্ষমতায়নের নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত বিভিন্ন বস্তি ও নিম্ন আয়ের নাগরিকদের সমন্বয়ে ৬৫৯টি প্রাথমিক দল গঠন করা হয়েছে।
- ✓ নির্বাচনের মাধ্যমে প্রত্যেক দলের নেতা নির্বাচন করা হয়েছে।
- ✓ নারী প্রধান পরিবারসহ সকল উৎসাহী নারীদের দক্ষতা ও মানবিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করার কাজ চলমান রয়েছে।
- ✓ নারীর ক্ষমতায়নের নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকায় বসবাসরত বিভিন্ন বস্তি ও নিম্ন আয়ের নাগরিকদের সমন্বয়ে ৬৫৯টি প্রাথমিক দল গঠন করা হয়েছে।
- ✓ নির্বাচনের মাধ্যমে প্রত্যেক দলের নেতা নির্বাচন করা হয়েছে।
- ✓ নারী প্রধান পরিবারসহ সকল উৎসাহী নারীদের দক্ষতা ও মানবিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করার কাজ চলমান রয়েছে।
- ✓ এ কর্মসূচীর আওতায় ২,৮০০ জন নারীকে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- ✓ ৩০০৫ জনকে বিভিন্ন ট্রেডে কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ বাবদ ২ কোটি ২৯ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে;

- ৩৯০ জনকে ৩৮ লক্ষ ৪১ হাজার টাকা ব্যয়ে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়েছে;
- এ পর্যন্ত ৯৬৯২ দরিদ্র শিশুকে শিক্ষা অনুদানসহ শিক্ষা উপকরণ প্রদান করা হয়েছে।
- এ খাতে মোট ৩,৪২,৬২,৫০০/- টাকা ব্যয় করা হয়েছে।
- এছাড়াও ১২০০ জন ঝরে পড়া শিশুকে শিক্ষার মূল ধারায় সংযুক্ত করা হয়েছে। এক্ষেত্রে সকল শিক্ষা উপকরণ যথা- বই, খাতা, পেন্সিল, কলম, স্কুল ব্যাগ, ছাত্র-ছাত্রীদের পোষাক, জুতা, মোজা এবং অন্যান্য আনুষাঙ্গিক উপকরনাদি বিনা মূল্যে বিতরণ করা হয়েছে।



- সিটি পরিষদের ০২ জন প্যানেল মেয়র নারীদের মধ্য হতে।
- নগর ভবনে মহিলাদের জন্য আলাদা নামাজের স্থান তৈরি করা হয়েছে।

## স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিকরণ কর্মসূচি

- স্বাস্থ্য সেবা কার্যক্রম তৃণমূল পর্যায়ের মানুষের কাছে পৌঁছে দিতে বিভিন্ন এলাকা ৪৪ জন স্বাস্থ্য কর্মী নিয়োগ করা হয়েছে।
- এই কার্যক্রমের অংশ হিসাবে গর্ভবতী মা, ডায়রিয়া রোগীর চিকিৎসা, কিশোরী প্রজনন শিক্ষা ও শিশু স্বাস্থ্য বিষয়ে সচেতনতা ও পরামর্শ প্রদান করা হয়।
- বস্তি ও দরিদ্র মহিলাদের স্বাস্থ্য সম্পর্কে সচেতন করার জন্য এলাকা ভিত্তিক মাসিক সভার আয়োজন করা হয়।
- ৪৮৭৬ জনকে মৌলিক স্বাস্থ্য সেবা প্রশিক্ষণ;
- ২ লক্ষ ১৯ হাজার টাকা ব্যয়ে ১২ জনকে প্রজনন ও স্বাস্থ্য শিক্ষা দেওয়া হয়েছে।



## প্রিয় নগরবাসী,

নগরীর খেলাধুলার মান ও বিনোদনের দিকে লক্ষ্য রেখে পঞ্চবটিস্থ সিটি কর্পোরেশনের নিজস্ব ৬.২ একর ভূমিতে NCC Adventure Land নির্মাণ করা হয়েছে। বর্তমানে পার্কটি জনসাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। এ খাত থেকে সিটি কর্পোরেশনের বাৎসরিক ৬ লক্ষ ২০ হাজার টাকা ভাড়া এবং এন্ট্রি ফি এর উপর ৫% হারে রাজস্ব আয় হবে। ১৮নং ওয়ার্ডের গোগনগরে আলী আহাম্মদ চুনকা ষ্টেডিয়ামটি আধুনিকায়ানের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। মহিলা ক্রীড়া উন্নয়নে প্রমীলা ফুটবল টিম এবং মদনগঞ্জ ফুটবল একাডেমীকে মাসিক ৫০০০/- টাকা হারে অনুদান প্রদান করা হচ্ছে।

এছাড়া জিমখানাস্থ আলাউদ্দিন খানা স্টেডিয়ামে গ্যালারি নির্মাণ ও আধুনিকায়নের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে। খেলাধুলার মান উন্নয়নে পর্যায়ক্রমে সিটি কর্পোরেশনের প্রতিটি ওয়ার্ডে খেলার মাঠ নির্মাণ করা হবে। মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবসে নারায়ণগঞ্জ, সিদ্ধিরগঞ্জ এবং কদমরসুল-এ ৩টি অঞ্চলে দেশীয় খেলাধুলার আয়োজন করা হয়েছে। জেলা

পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট (অনুর্ধ্ব-১৭)-২০১৮ এ রূপগঞ্জ উপজেলা ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনে বসবাসরত জাতির শ্রেষ্ঠ সন্তান বীর মুক্তিযোদ্ধাদের পৌরকর আজীবনের জন্য মওকুফ করা হয়েছে। অস্বচ্ছল এবং দরিদ্র মুক্তিযোদ্ধাদের প্রতিবছর আর্থিক সহায়তা প্রদান করা হয়। ২০১৮-১৯ অর্থ বছরে ৪২ জন বীরমুক্তিযোদ্ধা পরিবারকে ২ লক্ষ ৯৪ হাজার টাকা অনুদান প্রদান করা হয়েছে। এ কার্যক্রম ধারাবাহিকভাবে অব্যাহত থাকবে। এছাড়া মুক্তিযোদ্ধাদের জন্য সিটি কর্পোশেরনের আওতাধীন কবরস্থানসমূহে জায়গা সংরক্ষিত রাখা হয়েছে।

## প্রিয় সুহৃদ,

উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে নাগরিক সেবা দ্রুত, সহজে ও তথ্য-প্রযুক্তির সহায়তায় প্রদানের নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্তৃক বহুমুখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে যা নিম্নে বর্ণিত হলো:

### ১। ট্রেড লাইসেন্স অটোমেশন

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব অর্থায়নে ট্রেড লাইসেন্স অটোমেশন কার্যক্রম চলমান রয়েছে। আগামী আগস্ট-২০১৯ হতে সার্বিক কার্যক্রম শুরু হবে। বিদ্যমান প্রায় ২৭ হাজার ট্রেড লাইসেন্স অটোমেশনের আওতায় আনা হবে এবং নতুন ট্রেড লাইসেন্স সরাসরি অনলাইনের মাধ্যমে প্রদান করা হবে। এ প্রকল্পটি বাস্তবায়িত হলে ট্রেড লাইসেন্স সেবা প্রদানের ক্ষেত্রে শৃঙ্খলা আনয়ন সম্ভব হবে এবং সিটি কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি পাবে।

### ২। শিশু পরিচর্যা ও ব্রেস্ট ফিডিং কর্ণার স্থাপন

মাতৃত্বকালীন সেবা ও টিকা প্রদানের জন্য প্রতিনিয়ত শিশু এবং মহিলারা সিটি কর্পোরেশনে যাতায়াত করে। এই শিশু এবং নারীদেরকে যথাযথভাবে উন্নত সেবা প্রদানের লক্ষ্যে নগর ভবন প্রাঙ্গণে শিশু পরিচর্যা ও ব্রেস্ট ফিডিং এর কার্যক্রম চলমান রয়েছে। পরবর্তীতে সিটি কর্পোরেশনের ৩টি নগর স্বাস্থ্য কেন্দ্রে এ সেবা কার্যক্রম সম্প্রসারণ করা হবে।

### ৩। কদমরসুল সেতু

নারায়ণগঞ্জবাসীর বহুল প্রতিক্ষিত শীতলক্ষ্যা নদীর উপর নির্মিতব্য কদমরসুল সেতু গত ৯ অক্টোবর, ২০১৮খ্রি: একনেক সভায় অনুমোদিত হয়েছে। ৫৯০ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে বাংলাদেশ সরকারের অর্থায়নে দৈর্ঘ্য ১৩৮৫ মিটার এবং প্রস্থ ১২.৫ মিটার বিশিষ্ট সেতুটি নগরীর ৫নং ঘাটে নির্মিত হবে। সেতুটির নকশা অনুযায়ী নির্মাণ কাজের পরামর্শক নিয়োগ কার্যক্রম চলমান। অচীরেই প্রকল্পের দরপত্র আহ্বান করা হবে। উক্ত প্রকল্প বাস্তবায়নের জন্য ২০১৯-২০২০ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) ১৮২.৭৩ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে। জুন ২০২২ সালের মধ্যে ব্রিজটির নির্মাণ কাজ সম্পন্ন হবে।



### ৪। শেখ রাসেল নগর পার্ক

শেখ রাসেল নগর পার্কটি নারায়ণগঞ্জ নগরীর প্রাণকেন্দ্রে অবস্থিত। যার আয়তন ১৫.৯১ একর। বর্তমানে এ পার্কটির কাজ চলমান রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে নগরীর পরিবেশ উন্নয়নসহ নগরবাসীদের দীর্ঘদিনের গণপরিসরের চাহিদা পূরণ হবে। এছাড়া লেকটি অতিরিক্ত বৃষ্টির পানি ধারণের জন্য সংরক্ষিত জলাধার (রিটেনশন পুকুর) হিসেবে কাজ করবে। অপরদিকে অগ্নিকান্ড নির্বাপনের জন্য পানি সরবরাহের একমাত্র প্রধান উৎস হিসেবে মূখ্য ভূমিকা পালন করবে। নগরবাসীর একঘেয়েমি জীবন যাপন পরিবর্তন ও প্রাণোজ্জল করতে সহায়ক ভূমিকা পালন করবে শেখ রাসেল নগর পার্ক।

### ৫। নির্মাণ শ্রমিক নিরাপত্তা নিশ্চিতকরণ কার্যক্রম

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অবকাঠামো উন্নয়নের ক্ষেত্রে নির্মাণ শ্রমিকদের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণে লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। নিরাপত্তাই প্রথম এই স্লোগানকে সামনে রেখে নির্মাণ শ্রমিকদেরকে নির্মাণস্থলে হেলমেট, বুট পরিধান বিষয়টি নিশ্চিত করা হচ্ছে। ফলে নির্মাণ কাজে গতিশীলতার পাশাপাশি নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে।

## ৬। জৈব বর্জ্য হতে কম্পোস্ট সার তৈরির প্লান্ট

বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে জলবায়ু ট্রাস্টের আওতায় ২ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয়ে বর্জ্য থেকে কম্পোস্ট সার তৈরীর প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে। এটি কম্পোস্ট প্লান্টে প্রতিদিন প্রায় ২২ টন বর্জ্য প্রক্রিয়াজাত করে কম্পোষ্ট সার প্রস্তত করা সম্ভব হবে। পরিবেশ বান্ধব আধূনিক বর্জ্য প্রক্রিয়াকরণ প্লান্ট নির্মাণের জন্য সরকারের নিকট হতে ১৯১ কোটির টাকার বরাদ্দ পাওয়া যাবে। ফলে নগরীর বর্জ্য ব্যবস্থাপনা আধুনিকায়ন করা সম্ভব হবে এবং নগরীর পরিবেশ উন্নত হবে।




## ৭। প্লাস্টিক বর্জ্য হতে জ্বালানি তেল উৎপাদন প্লান্ট

পলিথিন বা প্লাস্টিক হচ্ছে হাইড্রোকার্বন। পলিথিন বর্জ্য, প্লাস্টিক, পিভিসি বা টায়ারকে মূল্যবান জ্বালানি ডিজেল এবং কালো কার্বনে রূপান্তরের মাধ্যমে পুনর্ব্যবহার (Recycling) করা হচ্ছে।

পুনর্ব্যবহার (Recycling) যোগ্য প্রক্রিয়া:

- পলিথিন বর্জ্য বা প্লাস্টিক প্রাক-পরিচ্ছন্ন করা
- ↓
- রিঅ্যাক্টরে লোড করে চুল্লি বন্ধ করা
- ↓
- ১২ ঘন্টা পর্যন্ত ৫৫০° সে. তাপমাত্রায় উত্তপ্ত করা
- ↓
- কয়েক ঘন্টা পর পলিথিন বর্জ্য রূপান্তর শুরু
- ↓
- অপরিশোধিত তেল
- ↙ ডিজেল ↘ কার্বন









## ৮। গ্রিন অফিস ব্যবস্থাপনা

পরিবেশের বিষয়টি বিবেচনা করে গ্রিন অফিস ব্যবস্থাপনার কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হচ্ছে। গ্রিন অফিস ব্যবস্থাপনার আওতায় নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

১। দাপ্তরিক কাগজের ব্যবহার হ্রাসকরণ;
২। কাগজের উভয় পৃষ্ঠার সর্বোত্তম ব্যবহার;
৩। ব্যবহৃত খাম পুনর্ব্যবহার;
৪। অফিস কক্ষের আয়তন অনুসারে বাতির প্রয়োজনীয় লুমেন নির্ধারণ করে পৃথক সুইচ স্থাপন;
৫। অফিস কক্ষের আয়তন অনুসারে প্রয়োজনীয় সংখ্যক ফ্যান ও এসি স্থাপন;
৬। প্রাকৃতিক আলোর কার্যকারিতা নিশ্চিত করার জন্য বিদ্যমান জানালা ও ছাদে স্বচ্ছ গ্লাস স্থাপন।
৮। ছাদ বাগান কার্যক্রম

বাসযোগ্য পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নগরীতে বিদ্যমান বিভিন্ন ভবনের ছাদে বাগান স্থাপনের জন্য তথ্য সংগ্রহ করে ডাটাবেজ প্রণয়ন করা হচ্ছে। পাশাপাশি সিটি কর্পোরেশন কর্তৃক জৈব সার ব্যবহার করে ছাদ বাগান সম্প্রসারণ করার জন্য উৎসাহ দেয়া হচ্ছে এবং হোল্ডিং ট্যাক্স রেয়াত প্রদানের সুযোগ রাখা হয়েছে। ইতিমধ্যে নগর ভবনের ছাদে ছাদ বাগান কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। পরবর্তীতে সিটি কর্পোরেশনের আঞ্চলিক কার্যালয় সহ সকল ভবনে ছাদ বাগান কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এছাড়াও নগরীর একটি স্কুলের ছাত্র-ছাত্রীদের সম্পৃক্ত করে ছাদ বাগান কার্যক্রমের পাইলটিং করার উদ্যোগ নেয়া হয়েছে।

নগরীর দুর্যোগ হ্রাস, সহনশীলতা ও জনসচেতনতা বৃদ্ধি এবং আপদকালীন ঝুঁকি মোকাবেলার লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের নিজস্ব তহবিলে এই অর্থবছরে ১০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। যা অগ্রাধিকার ভিত্তিতে প্রয়োজনের নিরীখে পর্যায়ক্রমে ব্যয় করা হবে।

## সম্মানিত সুধীবৃন্দ,

সুষ্ঠু ও দ্রুত বর্জ্য ব্যবস্থাপনা, পরিচ্ছন্ন স্বাস্থ্যসম্মত নগরী গঠনে অন্যতম পূর্বশর্ত। সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন কর্মীগণ সবসময় এ ব্যাপারে কাজ করে যাচ্ছেন। বাংলাদেশ সরকারের সহায়তায় প্রাপ্ত অত্যাধুনিক যন্ত্রের মাধ্যমে ময়লা আবর্জনা পরিষ্কার কার্যক্রম অত্যন্ত দ্রুত সময়ে সম্পাদন করা হচ্ছে। প্রিজম বাংলাদেশ নামক এনজিও'র মাধ্যমে বর্তমানে ক্লিনিক ও ডায়াগনষ্টিক বর্জ্য অপসারণ করা হচ্ছে। পঞ্চবটিস্থ কম্পোস্ট প্লান্টে জৈব বর্জ্য হতে জৈব সার এবং প্লাস্টিক বর্জ্য হতে ডিজেল ও কার্বন উৎপাদনের লক্ষ্যে মেঘা অর্গানিক নামক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পন্ন হয়েছে। অচিরেই উৎপাদন কার্যক্রম শুরু হবে।

এছাড়া শীতলক্ষ্যা নদীর অপর পাড়ে কদমরসুল অঞ্চলের ধামগড় ও লক্ষণখোলা এলাকায় স্যানেটারী ল্যান্ডফিল স্থাপনের লক্ষ্যে উন্নয়ন প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পের জমির পরিমাণ জমির পরিমাণ ৮২.৯৫ একর। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় প্রায় ৩৪৫ কোটি টাকা নির্ধারণ করা হয়েছে।

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন এলাকাকে পরিচ্ছন্ন ও বাসযোগ্য নগরী হিসেবে গড়ে তোলা এবং টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে বহুমুখি সবুজ অবকাঠামো উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পাশাপাশি গ্রিন টেকনোলোজির আওতায় ক্ষুদ্র পরিসরে বর্জ্য ব্যবস্থাপনা করা হচ্ছে। কঠিন বর্জ্য ব্যবস্থাপনার আওতায় আধুনিক ও উপযোগী প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে নারায়ণগঞ্জকে সবুজ নগরী রূপে প্রতিষ্ঠিত করার অভিষ্ঠ লক্ষ্যে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন মহাপরিকল্পনা অনুযায়ী কাজ করে চলেছে।

গণপরিবহন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে "নারায়ণগঞ্জ নগরীতে খরমযঃ জধরষ ঞৎধহংরঃ স্থাপন" প্রকল্পটি জিটুজি এর আওতায় (পিপিপি) পদ্ধতিতে বাস্তবায়িত হবে, যার বাস্তবায়নকারী সংস্থা স্থানীয় সরকার বিভাগের আওতাধীন নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন। গত ২০ নভেম্বর ২০১৮ তারিখে অর্থনৈতিক সংক্রান্ত মন্ত্রীসভা কমিটিতে প্রকল্পটির নীতিগত অনুমোদন হয়।

Light Rapid Transit (LRT) একটি গণপরিবহন ব্যবস্থা, যা ইলেট্রিক ট্রেনের মাধ্যমে এক স্থান হতে অন্য স্থানে যাত্রী পরিবহন করা হয়। উন্নত বিশ্বে আধুনিক নগরগুলোতে এ ধরণের LRT ব্যবস্থা চালু রয়েছে। LRT এর মাধ্যমে দ্রুত যাত্রী পরিবহন করা সম্ভব যা সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব। এ প্রকল্পের আওতায় নারায়ণগঞ্জ নগরীর গুরুত্বপূর্ণ সড়কের মেডিয়ানের (Median) উপর দিয়ে পিলারের মাধ্যমে এলিভেটেডভাবে দু'টি LRT লাইন নির্মাণ করা হবে। এক নম্বর লাইনটি নিতাইগঞ্জ হতে শুরু হয়ে চাষাড়া হয়ে সাইনবোর্ডে শেষ হবে, যার দূরত্ব ১১ কিলোমিটার। অপরদিকে দুই নম্বর লাইনটি চিটাগং রোড হতে শুরু হয়ে পঞ্চবটিতে শেষ হবে, যার দূরত্ব ১২ কিলোমিটার এবং Interchange Station হবে চাষাড়াতে। ২টি লাইন মিলে মোট দুরত্ব ২৩ কিলোমিটার। লাইন দুটি প্রতিদিন প্রায় ১ লক্ষ ২০ হাজারের অধিক যাত্রী পরিবহন করবে। প্রস্তাবিত LRT প্রকল্পের সম্ভাব্যতা যাচাইয়ের পর প্রাক্কলিত প্রকল্প ব্যয়, ভাড়া, লাইনের দুরত্ব, গতি, স্টেশনের সংখ্যা, কোচের সংখ্যা, যাত্রীর সংখ্যা ইত্যাদি সঠিকভাবে নিরুপন করা সম্ভব হবে। বর্তমানে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (BUET) কর্তৃক সম্ভাব্যতা যাচাই (Feasibility Study) চলমান রয়েছে।

International Council for Local Environmental Initiatives (ICLEI) কর্তৃক নারায়ণগঞ্জ নগরীতে Urban LEDS-II (Low Emission Development Strategies) প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে। যার প্রাক্কলিত ব্যয় ১ লক্ষ ইউরো (১ কোটি টাকা)। প্রকল্পটি অর্থায়ন করবে ইউরোপীয় ইউনিয়ন। যা আগামী মার্চ ২০২১ সালে সম্পন্ন হবে। প্রকল্পটির আওতায় নারায়ণগঞ্জ নগরীর জন্য জলবায়ু অভিযোজন ও প্রশমন কর্মপরিকল্পনা (Climate Adaptation and Mitigation Action Plan) প্রণয়ন করা হবে। উক্ত কর্মপরিকল্পনার আলোকে বায়ুমান পরীবিক্ষণ কেন্দ্র স্থাপন ও নির্মল বায়ু কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হবে। এছাড়া নগর ভবনের ছাদে সোলার প্যানেল স্থাপন করা হবে। পাশাপাশি নগরীর জন্য সমন্বিত গতিশীলতা পরিকল্পনা (Comprehensive Mobility Plan) এবং সড়ক বাতি এনার্জি নিরীক্ষা প্রতিবেদন প্রণয়ন করা হবে। বর্ণিত প্রকল্পটি বাস্তবায়িত হলে নগরীর কার্বন নিঃসরণ হ্রাসকরণ সহ জলবায়ু পরিবর্তন মোকাবেলা করে টেকসই উন্নয়নের লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

**প্রিয় নগরবাসী,**

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন বর্তমানে বিভিন্ন স্তরের প্রায় ২০ লক্ষ লোককে বিভিন্ন প্রকারের সেবা প্রদান করে আসছে। আগামী ২০ বছরের মধ্যে জনসংখ্যা বৃদ্ধির হার অব্যাহত থাকলে এ জনসংখ্যা দ্বিগুণে পরিণত হতে পারে। তাই আগামী ২০ বছর সময়সীমাকে বিবেচনা করে একটি পরিকল্পিত, পরিচ্ছন্ন, সবুজ, পরিবেশবান্ধব, স্বাস্থ্যসম্মত এবং দারিদ্রমুক্ত নগরী হিসেবে গড়ে তোলার জন্য বিভিন্ন মেয়াদী নগর উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিগত বছরে নিম্ন বর্ণিত উন্নয়ন ও সেবামূলক কার্যক্রম সম্পাদন/অগ্রগতি করা হয়েছে।

- স্বনামধন্য প্রতিষ্ঠান ভিত্তি স্থপতি কর্তৃক প্রণয়নকৃত নক্শা অনুযায়ী আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত ১০ তলা বিশিষ্ট নগর ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে।

এছাড়া বিভিন্ন মেয়াদের নগর উন্নয়ন পরিকল্পনার তালিকা উল্লেখ করা হলো:

**৫ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনা:**

১. উন্নত যোগাযোগ ব্যবস্থা নিশ্চিতকরণ এবং তিলোত্তমা নগরী হিসেবে গড়ে তোলার জন্য ৫নং ঘাট এলাকায় শীতলক্ষ্যা নদীর উপর সেতু নির্মাণ।
২. সবুজ এবং পরিকল্পিত নগর গড়ে তোলার জন্যে সমন্বিত ড্রেনেজ সিস্টেম, জলাধার সংরক্ষণ এবং সংস্কারের ব্যবস্থা গ্রহণ।
৩. বিদ্যমান ছোট, বড় ও মাঝারি সড়কসমূহ সম্প্রসারণ, পুনঃনির্মাণ এবং প্রয়োজনে বর্ধিত করা হবে এবং প্রয়োজনীয় ব্রীজ ও কালভার্ট নির্মাণ।
৪. স্বাস্থ্যসম্মত নগরী গড়ে তোলার জন্যে শতভাগ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করা।
৫. সুপেয় পানি সরবরাহের জন্যে পানি সরবরাহ ব্যবস্থা স্থাপন করা।
৬. সিটি কর্পোরেশনের নাগরিক সুবিধা নিশ্চিত করার জন্যে তথ্য-প্রযুক্তির উন্নয়ন সাধনের মাধ্যমে সকল কার্যক্রম অটোমেশন করা।

৭. দারিদ্র বিমোচনের জন্য ক্ষুদ্র ঋণ কর্মসূচীর পরিধি সম্প্রসারণ করা ।
৮. যানজট নিরসণে নতুন বাস টার্মিনাল, ট্রাক টার্মিনাল নির্মাণ সহ সিটি সার্ভিস চালু করার উদ্যোগ নেয়া ।
৯. সিটি কর্পোরেশনের আয় বৃদ্ধির জন্যে নিজস্ব ভূমিতে মার্কেট এবং ফ্ল্যাট নির্মাণ করা এবং কাঁচা বাজারসমূহের উন্নয়ন করা ।
১০. কবরস্থান ও শ্মশান এর উন্নয়ন করা ।
১১. কালচারাল এবং হেরিটেজ পার্কসহ বিনোদনের জন্য শিশু পার্ক নির্মাণ করা ।
১২. স্বাস্থ্যসেবা নিশ্চিত করার জন্য কমিউনিটি ক্লিনিক, নগর হাসপাতাল এবং এ্যাম্বুলেন্স সার্ভিস চালু করা ।
১৩. প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক প্রতিষ্ঠানসহ মেডিকেল কলেজ, টেকনিক্যাল কলেজ এবং আর্ট কলেজ প্রতিষ্ঠা করা ।
১৪. ঐতিহাসিক স্থানসমূহ সংরক্ষণের উদ্যোগ নেয়া ।
১৫. নারীর ক্ষমতায়নের জন্য শিক্ষা এবং কর্মসংস্থানের ব্যবস্থা করা ।
১৬. সিটি কর্পোরেশনের সকল স্তরে সুশাসন নিশ্চিত করা ।
১৭. জনসেবা নিশ্চিত করার জন্যে তিনটি অঞ্চলে ওয়ান স্টপ সার্ভিস সেন্টার প্রতিষ্ঠা করা ।
১৮. সিটি কর্পোরেশনের প্রতিটি শাখা কম্পিউটারাইজ্‌ড করা এবং কর্মকর্তা/কর্মচারীদেরকে কম্পিউটার বিষয়ে সময়োপযোগী প্রশিক্ষণ প্রদান করা ।
১৯. সকল কর্মকর্তা/কর্মচারীর কাজ মনিটরিংসহ নিরাপত্তা নিশ্চিত করার জন্য বিদ্যমান সিসি টিভি ক্যামেরার পরিধি বৃদ্ধি করা ।

**১০ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনাঃ**

১. আধুনিক সুয়ারেজ সিস্টেম স্থাপন করে ড্রেনেজ সিস্টেমের আরও উন্নতি সাধন করা যাতে কোন প্রকার দূষিত পানি নদীতে পড়তে না পারে ।
২. 3-R (হ্রাসকরণ, পুনর্ব্যবহার, পুনঃচক্রায়ন) বর্জ্য ব্যবস্থাপনা নিশ্চিত করে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনকে কার্বনমুক্ত, পরিচ্ছন্ন নগরী হিসেবে গড়ে তোলা ।
৩. শীতলক্ষ্যা নদীর দুই পাড়ে ঢাকা-চট্টগ্রাম ও ঢাকা-মুন্সিগঞ্জ সহাসড়কের সাথে সংযোগ স্থাপনকারী সার্কুলার রোড নির্মাণ করা ।
৪. নারায়ণগঞ্জকে মেট্রো রেলের সাথে সংযুক্ত করে ট্রাফিক ব্যবস্থার উন্নয়ন সাধনপূর্বক যানজট মুক্ত নগরী গড়ে তোলা ।
৫. শীতলক্ষ্যা নদীর উপর রোপওয়ে এবং ওয়াটার সার্কুলার সার্ভিস চালু করা ।
৬. সিটি কর্পোরেশনের এলাকা সম্প্রসারণ করা ।

**২০ বছর মেয়াদী উন্নয়ন পরিকল্পনাঃ**

১. দুর্যোগের ঝুঁকি হ্রাস করার নিমিত্তে পানীয় জল হিসেবে ব্যবহারের জন্য ভুগর্ভস্থ পানি ব্যবহার পরিহার করে সার্ফেস ওয়াটার ব্যবহারের জন্য আধুনিক পানি শোধণাগার নির্মাণ করা ।
২. গৃহস্থালী এবং পয়ঃনিষ্কাশনের বর্জ্যযুক্ত পানি শতভাগ পরিশোধন করে নদীতে নিষ্কাশনের ব্যবস্থা গ্রহণ করা ।
৩. ক্ষুদ্র শিল্প প্রতিষ্ঠানের জন্য সমন্বিত ইটিপি স্থাপন করা এবং এ জন্য সমন্বিত পরিকল্পনা প্রনয়ণ করা ।
৪. পর্যায়ক্রমে বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা ।
৫. শতভাগ শিল্প এবং গৃহস্থালি বর্জ্য পরিশোধনের জন্য সমন্বিত ইটিপি এবং পরিশোধণাগার স্থাপন করা ।
৬. সুপেয় পানি সরবরাহ নিশ্চিত করার জন্যে পানি শোধনাগার নির্মাণ করা ।
৭. শীতলক্ষ্যা নদীর পানি দূষণ মুক্ত রাখা নিশ্চিত করা ।
৮. সিটি কর্পোরেশনের নিজস্ব বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ করা ।

**সম্মানীত সুধীবৃন্দ,**

আপনাদের সকল প্রকার সুযোগ সুবিধার প্রতি লক্ষ্য রেখে সম্পূর্ণ বাস্তবতার নিরীখে আয়ের সাথে ব্যয়ের সঙ্গতি রেখে বাজেট প্রণয়ন করা হয়েছে। আপনারা জেনে খুশি হবেন এ বাজেটে কোন নতুন কর আরোপ করা হয়নি বা কর বৃদ্ধি করা হয়নি। আমি আজকের এই বাজেট অধিবেশন সভায় ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য রাজস্ব ও উন্নয়নে মোট ৮৭০ কোটি ৩৯ লক্ষ ৭৭ হাজার ০৭৬ টাকার বাজেট ঘোষণা করছি।

# নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০১৯-২০২০ অর্থ বছরের প্রস্তাবিত বাজেটের সার সংক্ষেপ

## এক নজরে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের ২০১৮-২০১৯ অর্থ বছরের সংশোধিত বাজেট ও ২০১৯-২০২০ অর্থবছরের প্রস্তাবিত বাজেট

### ১। রাজস্ব আয়

| ক্রমিক নং | বিবরণ | প্রকৃত আয় | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট |
|---|---|---|---|---|
| | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ |
| ক) | গৃহ ও ভূমি কর | ৭৪২৫৯৭৮৭.০০ | ৭৪১১২১২০.০০ | ১৪০৫২০০৩৫.০০ |
| খ) | ময়লা কর | ৭৪২৫৯৭৮৭.০০ | ৭৪১১২১২০.০০ | ১৪০৫২০০৩৫.০০ |
| গ) | আলো কর | ৪৫৯৮৪৬০৩.০০ | ৫০০১১২৪০.০০ | ৯০৩৭৫১৫৯.০০ |
| ঘ) | সারচার্জ | ৯০৬০০৩৯.০০ | ৮৮৫৬৩০৪.০০ | ২৭২২২৮৩৪.০০ |
| ঙ) | স্থাবর সম্পত্তি হস্থান্তর কর | ১৫৬১০৭৬৫১.০০ | ১৯৫০০০০০০.০০ | ২২০০০০০০০.০০ |
| চ) | পেশা, ব্যবসা ও কলিং | ৬৬৭২১৩৩৪.০০ | ৬৯০০০০০০.০০ | ৭৫০০০০০০.০০ |
| ছ) | বিজ্ঞাপন কর | ১১৯২৯৯৫.০০ | ১২০০০০০.০০ | ১৫০০০০০.০০ |
| জ) | প্রমোদকর | ১৫২৫০২৮.০০ | ১৫০০০০০.০০ | ১৫০০০০০.০০ |
| ঝ) | যানবাহন (যান্ত্রিক যান ও নৌকা ব্যতিত) | ৪১৯৫০০.০০ | ২০৭০০০০০.০০ | ৫০০০০.০০ |
| ঞ) | বিভিন্ন ফিস | ২৬৪৯২৬৫০.০০ | ৩১৯৭৮০০০.০০ | ৩৯৮০০০০০.০০ |
| ট) | বিভিন্ন ইজারা | ৬৫২৯১৬৯৩.০০ | ৫১৮৯২০৯৮.০০ | ৭২২০০০০০.০০ |
| ঠ) | অন্যান্য | ৪৫৪২৫৪৫৪.০০ | ৫৫৮৭০০০০.০০ | ৫৫৮৫০০০০.০০ |
| ড) | মার্কেট নির্মাণ হতে সেলামী | ১৬৭৭৬৮৮৪১.০০ | ১৫০০০০০০০.০০ | ২২০০০০০০০.০০ |
| ঢ) | উন্নয়ন খাত ব্যতিত সরকারী অনুদান | ৯০০০০০০.০০ | ৯০০০০০০.০০ | ৯০০০০০০.০০ |
| *মোট* | | *৭৪৩৫০৯৩৬২.০০* | *৭৯৩২৩১৮৮২.০০* | *১০৯৩৫৩৮০৬৩.০০* |

### ২। উন্নয়ন আয়

| ক্রমিক নং | বিবরণ | প্রকৃত আয় | সংশোধিত বাজেট | বাজেট |
|---|---|---|---|---|
| | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ |
| ক) | সরকারী প্রদত্ত উন্নয়ণ সহায়তা মঞ্জুরী | ১৫০০০০০০০.০০ | ১৩৬৪০০০০০.০০ | ১৫০০০০০০০.০০ |
| খ) | সরকার প্রদত্ত উন্নয়ন সহায়তা বিশেষ মঞ্জুরী | ২৪৫০০০০০০.০০ | ৫৫০০০০০০.০০ | ৮০০০০০০০.০০ |
| গ) | বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প সহায়তা | ৯১৮০৩১৭৪৯.০০ | ১৩৭৮৬০০০০০.০০ | ৩২৫৮৫০০০০০.০০ |
| ঘ) | বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রকল্প সহায়তা | ২৬৮১৪২৯৬৬৬.০০ | ২৭৪৪৯৮০৮৮৪.১৯ | ২৮২৩২২৯৭৯৭.০০ |
| ঙ) | মার্কেট নির্মাণ সেলামী | ০.০০ | ০.০০ | ১৬০০০০০০০.০০ |
| *মোট* | | ৩৯৯৪৪৬১৪১৫.০০ | ৪৩১৪৯৮০৮৮৪.১৯ | ৬৪৭১৭২৯৭৯৭.০০ |
| *মোট আয় (১+২)* | | *৪৭৩৭৯৭০৭৭৭.০০* | *৫১০৮২১২৭৬৬.১৯* | *৭৫৬৫২৬৭৮৬০.০০* |
| *প্রারম্ভিক উদ্ধৃত্ত* | | *৩০৬৭৬৫৫২৫.০০* | *১৪০৬৬১৬৪৬১.০০* | *১১৩৮৭০৯২১৬.৭৯* |
| *সর্বমোট* | | *৫০৪৪৭৩৬৩০২.০০* | *৬৫১৪৮২৯২২৭.১৯* | *৮৭০৩৯৭৭০৭৬.৭৯* |

## ১। রাজস্ব ব্যয়

| ক্রমিক নং | বিবরণ | প্রকৃত ব্যয় | সংশোধিতবাজেট | বাজেট |
|---|---|---|---|---|
| | | ২০১৭-২০১৮ | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ |
| ক) | মেয়র ও কাউন্সিলরদের সম্মানী ভাতা | ২৭১৫৪৯৩৬.০০ | ২১৬২৩৩০০.০০ | ২১৬২৩৩০০.০০ |
| খ) | কর্মকর্তা / কর্মচারীদের বেতন ভাতা ও অন্যান্য ভাতাদি | ৮০৫৫৭৮৭১.০০ | ৮০৪০৯৬৩০.০০ | ১০৩৬০০০০০.০০ |
| গ) | যানবাহন ক্রয়, মেরামত, জ্বালানী, বিদ্যুৎ ও অফিস পরিচালন | ২৯৫২২৭৮২.০০ | ১৯৪০০০০০.০০ | ৫০০০০০০০.০০ |
| ঘ) | শিক্ষা ব্যয় | ০.০০ | ৩৫৫০০০.০০ | ৪১১০০০০.০০ |
| ঙ) | স্বাস্থ্য ও পয়ঃ প্রণালী | ২৫৭৩১৫৩.০০ | ২০০০০০০.০০ | ৬২০০০০০.০০ |
| চ) | বর্জ্য ব্যবস্থাপনা ও পয়ঃনিস্কাশন | ৪৯১৮৬০০১.০০ | ৭১৫৩০৫৬৭.০০ | ১৪৩০০০০০০.০০ |
